

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৩৪

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (كتاب المساجد ومواضع الصلاة) পরিচ্ছেদঃ ৫/১৯. সালাতে ভুল-ভ্রান্তি হওয়া এবং তার জন্য সিজদা।

السهو في الصلاة والسجود له

আরবী

حَدِيْتُ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا نُودِيَ بِالصَّلَاةِ أَدْبَرَ الشَّيْطَانُ وَلَهُ ضُرَاطٌ حَتَّى لاَ يَسْمَعَ الْأَذَانَ فَإِذَا قُضِيَ الْأَذَانُ أَقْبَلَ فَإِذَا ثُوّبِ بِهَا أَدْبَرَ فَإِذَا قُضِيَ التَّثُويِبُ أَقْبَلَ حَتَّى يَخْطِرَ بَيْنَ الْمَرْءِ وَنَفْسِهِ يَقُولُ اذْكُرْ كَذَا وَكَذَا مَا لَمْ يَكُنْ يَذْكُرُ حَتَّى يَظَلَّ الرَّجُلُ إِنْ يَدْرِي كَمْ صلَّى فَإِذَا لَمْ يَدْرِ أَحَدُكُمْ كَمْ صلَّى وَكَذَا مَا لَمْ يَكُنْ يَذْكُرُ حَتَّى يَظَلَّ الرَّجُلُ إِنْ يَدْرِي كَمْ صلَّى فَإِذَا لَمْ يَدْرِ أَحَدُكُمْ كَمْ صلَلَى فَإِذَا لَمْ يَدُر أَحَدُكُمْ كَمْ صلَلَى فَإِذَا لَمْ يَدُر أَحَدُكُمْ كَمْ صلَلَى فَإِذَا لَمْ يَدْرِ أَحَدُكُمْ كَمْ صلَلَى فَإِذَا لَمْ يَدُر أَحَدُكُمْ كَمْ صلَلَى فَإِذَا لَمْ يَدُنُ يَعْدَرِ أَحَدُكُمْ كَمْ صلَلَى فَا إِذَا لَمْ يَدُن وَهُو جَالِسٌ

বাংলা

৩৩৪. আবৃ হুরায়রাহ্ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন সালাতের জন্য আযান দেয়া হয়, তখন শয়তান পিঠ ফিরিয়ে পালায় যাতে আযান শুনতে না পায় আর তার পশ্চাদ-বায়ু সশব্দে নির্গত হতে থাকে। আযান শেষ হয়ে গেলে সে এগিয়ে আসে। আবার সালাতের জন্য ইকামাত(ইকামত/একামত) দেয়া হলে সে পিঠ ফিরিয়ে পালায়। ইকামাত(ইকামত/একামত) শেষ হয়ে গেলে আবার ফিরে আসে। এমনকি সে সালাত আদায়রত ব্যক্তির মনে ওয়াস্ওয়াসা সৃষ্টি করে এবং বলতে থাকে, অমুক অমুক বিষয় স্মরণ কর, যা তার স্মরণে ছিল না। এভাবে সে ব্যক্তি কত রাক'আত সালাত আদায় করেছে তা স্মরণ করতে পারে না। তাই, তোমাদের কেউ তিন রাক'আত বা চার রাক'আত সালাত আদায় করেছে, তা মনে রাখতে না পারলে বসা অবস্থায় দু'টি সিজদা্ করবে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২২ : সাউ, অধ্যায় ৬, হাঃ ১২৩১; মুসলিম, পর্ব ৫ : মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ১৯, হাঃ ৩৮৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন